

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
ওয়েবসাইট : www.bb.org.bd

বিএফআইইউ সার্কুলার নং-০৯

তারিখ : ০৬ অগ্রহায়ণ, ১৪২০
২০ নভেম্বর, ২০১৩

প্রধান নির্বাহী

অলাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organisation) ও
বেসরকারি উন্নয়ন সংস্থা (Non Government Organisation)।

প্রিয় মহোদয়,

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর বিধানাবলী পরিপালনে
অলাভজনক সংস্থা (Non Profit Organisation) ও বেসরকারি উন্নয়ন সংস্থা (Non Government Organisation)
কর্তৃক অনুসরণীয় নির্দেশাবলীর উপর প্রণীত গাইডলাইন জারী প্রসঙ্গে।

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(ব)(এ)(১) ও (২) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনীসহ) এর ২(২০)(এ)(১)
ও (২) ধারার বিধান মোতাবেক বাংলাদেশে কার্যক্রম পরিচালনাকারী সকল অলাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit
Organisation) এবং বেসরকারি উন্নয়ন সংস্থা (Non Government Organisation) কে রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে
অন্তর্ভুক্ত করা হয়েছে।

২। মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(ঙ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনীসহ) এর ২(২৩) ধারার বিধান
অনুসারে অলাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organisation) বলতে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন)
এর ধারা ২৮ এর অধীন সনদ প্রাপ্ত কোন প্রতিষ্ঠানকে বুঝাবে এবং মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(দ) এবং সন্ত্রাস বিরোধী
আইন, ২০০৯ (সংশোধনীসহ) এর ২(২৪) ধারার বিধান অনুসারে বেসরকারি উন্নয়ন সংস্থা (Non Government
Organisation) বলতে Societies Registration Act, 1860 (Act No. XXI of 1860), Voluntary Social
Welfare Agencies (Registration and Control) Ordinance, 1961 (Ordinance No. XLVI of 1961),
Foreign Donations (Voluntary Activities) Regulation Ordinance, 1978 (Ordinance No. XLVI of
1978), Foreign Contributions Regulation Ordinance, 1982 (Ordinance No. XXXI of 1982) এবং
মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩২ নং আইন) এর আওতায় অনুমোদিত বা নিবন্ধিত প্রতিষ্ঠান যারা

(১) স্থানীয় উৎস হইতে তহবিল (ঋণ, অনুদান, আমানত) গ্রহণ করে বা অন্যকে প্রদান করে; এবং/অথবা

(২) যে কোন ধরনের বৈদেশিক সাহায্য বা ঋণ বা অনুদান গ্রহণ করে; তাদেরকে বুঝাবে।

০৩। এনপিও/এনজিও প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমের প্রকৃতি পর্যালোচনাপূর্বক এসকল প্রতিষ্ঠানের মাধ্যমে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে
অর্থায়নের ঝুঁকি বিবেচনায় এনপিও/এনজিও সমূহের জন্য '**Guidelines on Prevention of Money Laundering and
Terrorist Financing for NPO/NGO Sector**' শীর্ষক গাইডলাইন প্রণয়ন করা হয়েছে যা মানিলভারিং প্রতিরোধ আইন,
২০১২ এর ২৩ (১)(ঘ) ধারা এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনীসহ) এর ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জারী করা
হলো। গাইডলাইনটি বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইট (<http://www.bb.org.bd/aboutus/regulationguideline/guidelist.php>)
হতে ডাউনলোড করা যাবে।

৪। উল্লেখ্য যে, গত ১৫ জুন, ২০১১ তারিখে অত্র ইউনিট হতে জারীকৃত এএমএল সার্কুলার নং ২৭ এ বর্ণিত নির্দেশনাসমূহ যথারীতি
বলবৎ থাকবে।

এ সার্কুলারে বর্ণিত গাইডলাইনের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,



(দেবপ্রসাদ দেবনাথ)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলোঃ-

(জ্যেষ্ঠতার ক্রম অনুযায়ী নয়)

১. সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
৪. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৫. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৬. এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি।
৭. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস।
৮. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল/সদরঘাট/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
১০. নির্বাহী পরিচালক, গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১২. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৩. অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৪. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
১৫. ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল তফসিলী ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী, স্টক ডিলার ও স্টক ব্রোকার, পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, সিকিউরিটি কাস্টডিয়ান, সম্পদ ব্যবস্থাপক।



(মোঃ রাশেদ)

উপ পরিচালক

ফোনঃ ৯৫৩০০১০-৭৫/২৪৮১

ই-মেইলঃ

md.rashed@bb.org.bd